দৈনিক ইত্তেফাক

তারিখ 2 0 APR 2015
পৃষ্ঠা ১৭ কলাম ৩

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের শতাধিক শিক্ষার্থীর ফরম পূরণ অনিশ্চিত

## রংপুরে জাতীয় বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কার্যালয় ঘেরাও

■ রংপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অবহেলায় শতাধিক শিক্ষার্থীর ফরম পূরণে অনিশ্চয়তার প্রতিবাদে গতকাল রবিবার রংপুরে আঞ্চলিক কার্যালয় ঘেরাও এবং বিক্ষোভ সমাবেশ করেছে সাধারণ শিক্ষার্থীরা। গতকাল সকালে অনার্স ৩য় বর্ষের সাধারণ শিক্ষার্থীদের উদ্যোগে রংপুর প্রেসক্লাব চত্বরে সমাবেশ কর্মসূচি পালন করা হয়।

সাধারণ শিক্ষার্থী মমিনুল ইসলাম মমিনের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট রংপুর জেলা ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকনুজ্জামান রোকন, কলেজ শাখার সভাপতি আবু রায়হান বকসী, সাধারণ সম্পাদক হোজায়ফা স্নাকওয়ান জেলিড, সাংগঠনিক সম্পাদক ইমরান সরকার, শিক্ষার্থীদের মধ্যে কারমাইকেল কলেজের মুকুল, খাইরুল, রংপুর সরকারি কলেজের বিশ্বজিৎ, নীলফামারী সরকারি কলেজের জুয়েল রানা প্রমুখ।

সমাবেশ শেষে সেখান থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি নগরীর প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়। এ সময় প্রায় দেড় ঘন্টা কার্যালয় ঘেরাওয়ের মাধ্যমে বিক্ষোভ প্রদর্শন করে সাধারণ শিক্ষার্থীরা।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অবহেলার কারণে কারমাইকেল কলেজে এবার রসায়নে ৮ জন, পদার্থবিজ্ঞানে ১০ জন, গণিতে ১৬ জন, ব্যবস্থাপনায় ১৭ জন, হিসাববিজ্ঞানে ৯ জন, ইংরেজিতে ১২ জনসহ বিভিন্ন বিভাগের ৯৮ জন শিক্ষার্থীর ফরম পূরণ অনিশ্চিত হয়ে পড়েছে। অন্য কলেজগুলোরও একই অবস্থা বিরাজমান।